

# বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

## প্রেস বিজ্ঞপ্তি

বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের শিক্ষার্থীদের নিয়ে বিআইসিএম এর বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত

ঢাকা (০৬.০৫.২০২৬):



বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ-এর শিক্ষার্থীদের নিয়ে 'ইনভেস্টমেন্ট ইন ক্যাপিটাল মার্কেট' শীর্ষক বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম আয়োজন করেছে। আজ ০৬ মে ২০২৬ তারিখ কলেজের অডিটোরিয়ামে এ বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামে সভাপতিত্ব করেন বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ-এর অধ্যক্ষ অধ্যাপক তামান্না বেগম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ফরিদা ইয়াসমিন। এসময় ব্যবস্থাপনা বিভাগের সভাপতি অধ্যাপক শামসুন্নাহার, অর্থনীতি বিভাগের সভাপতি

অধ্যাপক তাহেরা বেগম, একাউন্টিং বিভাগের সভাপতি অধ্যাপক মোঃ শফিউল আযম ও বিআইসিএম-এর সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শ্রাবনীকা চাকমাসহ কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

বিআইসিএম-এর প্রভাষক জনাব ফাইমা আক্তার, প্রভাষক জনাব গৌরব রায় ও প্রভাষক জনাব মোঃ আদনান আহমেদ বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামটির বিভিন্ন সেশন পরিচালনা করেন।

স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে পুঁজিবাজার সম্পর্কিত জ্ঞান ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিআইসিএম নিয়মিতভাবে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি সরকারি কলেজের শিক্ষার্থীদের নিয়ে পুঁজিবাজার ও আর্থিক বাজারসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করে থাকে। এরই অংশ হিসেবে আজ বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজে এ আয়োজন করা হয়।

ধন্যবাদান্তে,

(মোহাম্মাদ আব্দুল্লাহিল ওয়ারিশ)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

ফোনঃ ০১৭১৮-৭৬৯৮১২

ই-মেইলঃ oarish@bicm.ac.bd